জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

স্থান ঃ- সভাপতির অফিস কক্ষ
তারিখ ঃ- ১৯/৮/২৪ খ্রিঃ
সময় ঃ- ১২.০০ ঘটিকা

আলোচ্য সূচি ঃ

০১। গত সভার কার্য্য বিবরণী পঠন ও অনুমোদন।
০২। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
০৩। বিবিধ।

অদ্যকার সভায় অত্র কমিটির সভাপতি এর সভাপতিত্বে সভা শুরু হয়। সদস্য সচিব জনাব উপ-সহঃ প্রকৌশলী,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর,হরিপুর, ঠাকুরগাঁও-গত সভার কার্য্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধন বা বিয়োজন না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

বিভাগীয় আলোচনায় সদস্য সচিব জানান,তাঁর দাপ্তরিক কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। গত অনুষ্ঠিত সভায় চেয়ারম্যান, ১নং গেদুড়া ইউপির প্রাস্তাবিত প্রতিটি হাট বাজারে পাবলিক টয়লেট নির্মান সংক্রান্ত প্রকল্পের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হল এবং ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় স্যানিটেশনের জন্য রিং স্লাব নির্মান ও বিনা মূল্যে গরীব অসহায় পরিবারে বিতনের জন্য চেয়ারম্যান ১ নং গেদুড়া ইউপি প্রাস্তাব আকারে বিষয়টি উথাপন করেন। বিস্তারিত আলোচনায় সর্ব সম্মতি ক্রমে প্রকল্পটি গ্রহন করা হল। অত্র কমিটির সভাপতি মহোদয় প্রকল্প ২টি উপজেলা বাছাই কমিটির সভায় অনুমোদনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টিগোচর করা হবে মর্মে আসস্ত করেন এবং বাছাই কমিটির অনুমোদন স্বাপেক্ষে উপজেলা পরিষদ সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগরি জন্য।
০১। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর, ঠাকুরগাঁও।
০৩। উপজেলা......................কর্মকর্তা, হরিপুর,ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি, হরিপুর,ঠাকুরগাঁও।

উপ-সহঃ প্রকৌশলী
উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর
হরিপুর, ঠাকুরগাঁও।